আজকের কাগজ

তারিখ 27 JUL 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫

# ১৯৯১ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ছিলো ৪৫ দিন
## শিক্ষক ধর্মঘট ছিলো ৪০ দিন

১৯৯১ সাল থেকে এ পর্যন্ত ধর্মঘটের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় ৪৫ দিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ৬৩ দিন এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় ৮৭ দিন বন্ধ ছিলো। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার গতকাল রোববার সংসদে একথা বলেছেন।

হাজী রাশেদ মোশাররফের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন এই ধর্মঘটের মধ্যে শিক্ষকদের ধর্মঘট ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪০ দিন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৭ দিন। বাকি দিনগুলো ছিলো ছাত্র ধর্মঘট।